রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ২৪, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**বহিরাগমন শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৮ আশ্বিন ১৪১৪/২৩ সেপ্টেম্বর ২০০৭

এস, আর, ও নং ২২৫-আইন/২০০৭।—Bangladesh Passport Order, 1973 (President's Order No. 9 of 1973) এর Articale 17-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নলিখিত বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম**।—এই বিধিমালা পাসপোর্ট এজেন্ট (লাইসেন্সিং) বিধিমালা, ২০০৭ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "আদেশ" অর্থ Bangladesh Passport Order, 1973 (President's Order No. 9);

(খ) "পাসপোর্ট এজেন্ট" অর্থ এই বিধিমালার অধীনে লাইসেন্সপ্রাপ্ত এজেন্ট;

(গ) "ফরম" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত ফরম;

(ঘ) "ফিস" অর্থ সরকার কর্তৃক সরকারী গেজেট প্রজ্ঞাপন দ্বারা নির্ধারিত আবেদন ফিস;

(ঙ) "এখতিয়ারাধীন এলাকা" অর্থ পাসপোর্ট এজেন্টের অধিক্ষেত্রাধীন এলাকা যাহা সংশ্লিষ্ট আঞ্চলিক পাসপোর্ট অফিসের এখতিয়ারাধীন এলাকার অনুরূপ;



মূল্য ঃ টাকা ৬.০০

(চ) "পাসপোর্ট বিধিমালা" অর্থ Bangladesh Passport Rules, 1974;

(ছ) "লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ" অর্থ বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের মহাপরিচালক;

(জ) "অধিদপ্তর" অর্থ বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর;

(ঝ) "পরিশিষ্ট" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত কোন পরিশিষ্ট।

৩। **বাছাই কমিটি গঠন।**—লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ পাসপোর্ট এজেন্ট বাছাইকরণের উদ্দেশ্যে নিম্নরূপে ন্যূনপক্ষে ৫ (পাঁচ) সদস্যের পাসপোর্ট এজেন্ট বাছাই কমিটি গঠন করিবেন, যথা ঃ—

সভাপতি

(ক) অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক মনোনীত অধিদপ্তরের একজন পরিচালক।

সদস্যবৃন্দ

(খ) অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক মনোনীত অধিদপ্তরের একজন প্রতিনিধি।

(গ) স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক মনোনীত বিশেষ শাখার একজন প্রতিনিধিসহ দুইজন কর্মকর্তা।

সদস্য-সচিব

(ঘ) সংশ্লিষ্ট আঞ্চলিক পাসপোর্ট অফিসের প্রধান।

৪। **বাছাই কমিটির কার্যপরিধি।**—বিধি ৩ এর অধীন গঠিত কমিটির কার্যপরিধি হইবে নিম্নরূপ, যথা ঃ—

(ক) এজেন্ট নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি জারী ও দরখাস্ত আহ্বান;

(খ) দরখাস্ত গ্রহণ, বাছাই ও চূড়ান্তকরণ;

(গ) প্রাথমিকভাবে বাছাইকৃত আবেদনকারীদের প্রাক-পরিচিতি যাচাই ও তাদের প্রতিষ্ঠানের সঠিকতা নিরূপণ;

(ঘ) চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে লাইসেন্স প্রদানের জন্য সুপারিশ প্রণয়ন ; এবং

(ঙ) লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত যে কোন দায়িত্ব পালন।

৫। **আবেদনের পদ্ধতি।**—লাইসেন্স প্রাপ্তির জন্য আবেদনকারী নির্ধারিত ফরম-১ এ পাসপোর্ট এজেন্ট বাছাই কমিটির নিকট আবেদন করিবেন এবং তৎজন্য সরকার কর্তৃক নির্ধারিত আবেদন ফিস ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান করিতে হইবে।

৬। **যোগ্যতার শর্তাবলী।**—(১) আবেদনকারীকে নিম্ন-বর্ণিত যোগ্যতার অধিকারী ও শর্তাবলী পূরণ করিতে হইবে, যথা ঃ—

(ক) ন্যূনতম ২৫ (পঁচিশ) বৎসর বয়স্ক বাংলাদেশী নাগরিক ও বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হইতে হইবে;

(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে স্নাতক ডিগ্রীধারী হইতে হইবে;

(গ) ব্যাংক অথবা সরকার কর্তৃক অনুমোদিত যে কোন আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ঘোষিত আর্থিকভাবে স্বচ্ছল এবং বিগত ৩ (তিন) বৎসর আয়কর প্রদানকারী হইতে হইবে;

(ঘ) পাসপোর্ট ইস্যু সম্পর্কে জ্ঞানসম্পন্ন হইতে হইবে;

(ঙ) প্রয়োজনীয় জনবল এবং অফিস সরঞ্জামাদিসহ (কম্পিউটার, ফ্যাক্স, ই-মেইল, টেলিফোন ইত্যাদি) কমপক্ষে দুই কক্ষ বিশিষ্ট একটি অফিস থাকিতে হইবে;

(চ) বৈধ ট্রেড লাইসেন্স থাকিতে হইবে।

(২) পাসপোর্ট পাওয়ার জন্য অযোগ্য ব্যক্তি আবেদনকারী হিসেবে বিবেচিত হইবেন না।

(৩) আবেদনকারী ও তার প্রতিষ্ঠান সম্পর্কে অনুকূল পুলিশ প্রতিবেদন থাকিতে হইবে এবং এজেন্ট কর্তৃক নিয়োজিত কর্মচারীদেরও বাংলাদেশের নাগরিক এবং স্থায়ী বাসিন্দা হইতে হইবে ও তাহাদের প্রাক-পরিচিতি সম্পর্কে অনুকূল পুলিশ প্রতিবেদন থাকিতে হইবে।

৭। **লাইসেন্স প্রদান।**—(১) লাইসেন্স প্রদানের পূর্বে বিধি ৬ এর শর্তাবলী যাচাই করিবার জন্য কমিটির অনধিক ২ (দুই) জন সদস্য একত্রে আবেদনকারীর অফিস পরিদর্শন করিবেন এবং লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ পাসপোর্ট এজেন্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে ফরম-২ তে লাইসেন্স প্রদান করিবেন।

(২) লাইসেন্সের মেয়াদ এক বৎসর হইবে এবং উহা বাৎসরিক ভিত্তিতে নবায়ন যোগ্য হইবে।

(৩) প্রত্যেক আঞ্চলিক পাসপোর্ট অফিসের অধিক্ষেত্রাধীন এলাকায় কতজন পাসপোর্ট এজেন্ট নিয়োগ করা হইবে উহা প্রতিটি অফিসের কর্মভারের ভিত্তিতে সরকার কর্তৃক নির্ধারিত হইবে।

৮। **লাইসেন্স ফিস ও নিরাপত্তা জামানত।**—(১) লাইসেন্স ফিস ও জামানতের পরিমাণ সরকার কর্তৃক সরকারী গেজেট প্রজ্ঞাপন দ্বারা নির্ধারিত হইবে।

(২) লাইসেন্সের আবেদন অনুমোদিত হওয়ার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আবেদনকারীকে ট্রেজারী চালানের মাধ্যমে লাইসেন্স ফিস জমা করিতে হইবে।

(৩) বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের মহা-পরিচালকের অনুকূলে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে সরকার কর্তৃক নির্ধারিত পরিমাণ অর্থ জামানত হিসাবে জমা প্রদান করিতে হইবে এবং বিধি ১৪তে বর্ণিত কোন কারণে ইহা বাজেয়াপ্ত করা না হইলে জামানতের টাকা ফেরৎযোগ্য হইবে।

৯। **সার্ভিস চার্জ ও পাসপোর্ট ফিস আদায়**।—পাসপোর্ট এজেন্ট আইন দ্বারা নির্ধারিত পাসপোর্ট ফিস ও সার্ভিস চার্জ পাসপোর্টের আবেদনকারীর নিকট হইতে আদায় করিবে এবং নির্ধারিত ছকে (পরিশিষ্ট-'ক') প্রাপ্তি রশিদ প্রদান করিবে।

১০। **কার্যাবলী**।—পাসপোর্ট এজেন্টের কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা ঃ—

(ক) সরকার কর্তৃক অনুমোদিত পাসপোর্ট ফরম বিনামূল্যে আবেদনকারীকে সরবরাহ করা;

(খ) আবেদনকারীকে যথাযথভাবে ফরম পূরণে প্রয়োজনীয় সহায়তা করা;

(গ) পূরণকৃত ফরম যাচাই বাছাইপূর্বক আবেদনকারীর ছবি, স্বাক্ষর বা টিপসই শনাক্ত করা;

(ঘ) লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ছকে (পরিশিষ্ট-'খ') পাসপোর্ট আবেদনকারীদের বিবরণ বা তথ্য সংরক্ষণ করা;

(ঙ) সরকার কর্তৃক নির্ধারিত পাসপোর্ট ফিস সংশ্লিষ্ট ব্যাংকে জমা প্রদান করিয়া তার প্রমাণ পত্র (পে-ইন স্লিপ) আবেদনপত্রের সাথে সংযুক্ত করা এবং সংশ্লিষ্ট পাসপোর্ট অফিসে আবেদন জমা দিয়া উপযুক্ত রশীদ গ্রহণ করা এবং নিজ দায়িত্বে সংরক্ষণ করা;

(চ) উপরোল্লিখিত কার্যাবলী ব্যতীত সরকার বা লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্য কোন কার্যাবলী সম্পাদন করা।

১১। **পাসপোর্টের জন্য সরাসরি পাসপোর্ট অফিসে আবেদন**।—(১) পাসপোর্ট এজেন্টের মাধ্যমে পাসপোর্টের আবেদন প্রক্রিয়াকরণ বাধ্যতামূলক নয়। পাসপোর্ট ইস্যুকারী প্রতিষ্ঠানের অধিক্ষেত্রাধীন এলাকায় স্থায়ী বা অস্থায়ীভাবে বসবাসরত যে কোন বাংলাদেশী পাসপোর্টের জন্য সরাসরি পাসপোর্ট অফিসে আবেদন করিতে পারিবে।

(২) এই বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, সরকারী বা আধা-সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা-কর্মচারী ও তাদের পরিবারের সদস্যবৃন্দ এবং সরকারী প্রতিনিধি দলের অন্তর্ভুক্ত বেসরকারী ব্যক্তিবর্গ নতুন পাসপোর্টের জন্য বা পাসপোর্ট নবায়নের জন্য সরাসরি পাসপোর্ট অফিসসমূহে আবেদন করিতে পারিবে।

১২। **লাইসেন্স নবায়ন**।—লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ পাসপোর্ট এজেন্টের কর্মকান্ড সম্পর্কে সন্তুষ্ট হইয়া বাৎসরিক ভিত্তিতে লাইসেন্স নবায়ন করিবে এবং লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণের অন্তত ৩০ (ত্রিশ) দিন পূর্বে আবেদন করিতে হইবে।

১৩। **লাইসেন্স হস্তান্তর**।—এজেন্সি লাইসেন্স হস্তান্তরযোগ্য নহে ঃ

তবে শর্ত থাকে যে, কোন পাসপোর্ট এজেন্ট মৃত্যুবরণ করিলে তাহার আইনানুগ ও বৈধ উত্তরাধিকারী বিধি ৬ এর শর্তপূরণ সাপেক্ষে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে লাইসেন্সি হিসাবে গণ্য হইবেন।

১৪। **লাইসেন্স পরিত্যাগ।**—(১) লাইসেন্সধারী ব্যবসা পরিত্যাগ করিতে চাহিলে তিনি ন্যূনতম ৩ (তিন) মাস পূর্বে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষকে নোটিশ প্রদান করিবেন।

(২) তিনি মৃত্যুবরণ করিলে বা ব্যবসায় পরিচালনায় অসমর্থ হইলে উত্তরাধিকার সনদ প্রদান সাপেক্ষে লাইসেন্সধারীর উত্তরাধিকারীর নিকট জামানতের টাকা ফেরৎ প্রদান করা যাইবে।

১৫। **পরিদর্শন।**—লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ পাসপোর্ট এজেন্টের প্রতিষ্ঠান নিয়মিত এবং আকস্মিকভাবে পরিদর্শন করিতে পারিবেন এবং পরিদর্শনকালে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী পাসপোর্ট এজেন্ট সংশ্লিষ্ট দলিল পত্রাদি সরবরাহ করিবেন।

১৬। **নিয়ন্ত্রণ ও তদারকী।**—(১) কোন পাসপোর্ট এজেন্ট এই বিধির কোন বিধান লঙ্ঘন করিলে, তা তদন্ত সাপেক্ষে, লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ কারণ দর্শানো সাপেক্ষে আবেদনকারীকে শুনানির সুযোগ প্রদান করিয়া লাইসেন্স বাতিল, স্থগিত বা জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবে।

(২) এই বিধিমালায় উপরোক্ত বিধান ছাড়াও পাসপোর্ট এজেন্ট অথবা তাহার নিযুক্ত কর্মচারী কর্তৃক এই বিধিমালার কোন বিধান বা শর্ত ভঙ্গ করা হইলে উহা Passport (Offence) Act, 1952 এর আওতাধীনে শাস্তিযোগ্য অপরাধ হিসাবে গণ্য হইবে।

১৭। **আপীল।**—১৬ নং বিধির আওতায় জারীকৃত কোন আদেশে, সংক্ষুব্ধ কোন লাইসেন্সধারী আদেশ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবরে আপীল করিতে পারিবেন এবং আপীল কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৮। **বিশেষ বিধান।**—(১) এই বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা পাসপোর্ট ইস্যুর জন্য আবেদন পত্র প্রক্রিয়াকরণের উদ্দেশ্যে প্রয়োজনীয় সংখ্যক তফসিলী ব্যাংকে, যাহা বাংলাদেশ ব্যাংক আদেশ, ১৯৭২ (১৯৭২ সনের রাষ্ট্রপতি আদেশ নং ১২৭) সংজ্ঞায়িত, অথবা অন্য কোন প্রতিষ্ঠানকে নিয়োগ প্রদান করিতে পারিবে।

(২) পাসপোর্ট ইস্যুর জন্য আবেদন পত্র প্রক্রিয়াকরণের প্রয়োজনীয় শর্তাবলী, সার্ভিস চার্জ এর পরিমাণ এবং প্রক্রিয়াকরণের পদ্ধতি, বাংলাদেশ পাসপোর্ট বিধিমালা, ১৯৭৪ এর বিধানাবলী সাপেক্ষে, অধিদপ্তর এবং নিয়োগপ্রাপ্ত ব্যাংক, সরকারের অনুমোদনক্রমে, উহাদের সহিত সম্পাদিত কোন চুক্তি দ্বারা অথবা উপ-বিধি (১) এর অধীন সরকারী গেজেটে প্রজ্ঞাপনের দ্বারা নির্ধারিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ আব্দুর রউফ**
উপ-সচিব।

ফরম-১

## পাসপোর্ট এজেন্ট লাইসেন্সের আবেদন পত্র

| শুধুমাত্র অফিসের ব্যবহারের জন্য |
| --- |
| গ্রহণের তারিখ ঃ................ |
| সংলগ্নি সংখ্যা ঃ................ |
| (গ্রহণকারী কর্মকর্তার স্বাক্ষর) |

| সাম্প্রতিক ছবি ৩৫×৪৫ |
| --- |

সভাপতি,
পাসপোর্ট এজেন্ট বাছাই কমিটি
বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

মহোদয়,

আমি নিম্নস্বাক্ষরকারী এতদ্বারা আন্তর্জাতিক ও বিশেষ (ভারত-বাংলাদেশ) পাসপোর্ট আবেদনপত্র প্রক্রিয়াকরণের নিমিত্তে পাসপোর্ট এজেন্ট-এর লাইসেন্স প্রদানের আবেদন করিতেছি।

০১ পূর্ণ নাম ঃ ..............................

০২ পিতা/স্বামীর নাম ঃ ..............................

০৩ মাতার নাম ঃ ..............................

০৪ জাতীয়তা ঃ ..............................

০৫ স্থায়ী ঠিকানা ঃ গ্রাম/মহল্লা ঃ.............................. পোঃ..................

থানা ঃ.............................. জেলা ঃ....................

০৬ বর্তমান ঠিকানা ঃ গ্রাম/মহল্লাঃ.............................. পোঃ..................

থানা ঃ.................... জেলা ঃ..............................

ফোন ঃ........................ ই-মেইল ঃ........................

ফ্যাক্স ঃ..............................

০৭ শিক্ষাগত যোগ্যতা ঃ ..............................

০৮ জন্ম তারিখ ঃ ..............................

০৯ জন্মস্থান ঃ ..............................

১০ পাসপোর্ট নং ঃ ..............................

প্রদানের স্থান ঃ ..............................

| | | | |
|---|---|---|---|
| ১১ | আবেদন ফি জমার চালান নং | ঃ | ........................তারিখ ঃ.......................... |
| ১২ | ট্রেড লাইসেন্স/রেজিস্ট্রেশন নম্বর | ঃ | ...................তারিখ ঃ.............. মেয়াদ ঃ........ |
| ১৩ | আয়কর প্রদানের টিন নম্বর | ঃ | |

১৪ আবেদনকারী সম্পর্কে জানেন এইরূপ ২ (দুই) জন সম্মানিত/সম্ভ্রান্ত ব্যক্তির নাম ও ঠিকানা ঃ

(ক) ..........................................................................................................

(খ) ..........................................................................................................

| | | | |
|---|---|---|---|
| ১৫ | প্রতিষ্ঠানের নাম | ঃ | .......................................................................... |
| ১৬ | প্রতিষ্ঠানের বর্তমান ঠিকানা | ঃ | ..........................................................................<br>থানা ঃ............................ জেলা ঃ......................<br>ফোন ঃ...................... ই-মেইল ঃ....................<br>ফ্যাক্স ঃ.......................................... |

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, আমার জ্ঞান ও বিশ্বাসমতে আবেদনপত্রে উল্লেখিত সকল তথ্য সত্য। আমি পাসপোর্ট এজেন্ট (লাইসেন্সিং) বিধিমালা, ২০০৭ পাঠ করিয়াছি ও ইহার সকল বিধি বা উপ-বিধি বুঝিয়াছি এবং মানিয়া চলিবার জন্য প্রতিজ্ঞা করিতেছি।

আপনার বিশ্বস্ত

(.........................................)

সংলগ্নি ঃ—

**আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত কাগজ পত্রাদি দাখিল করিতে হইবে, যথা ঃ—**

(ক) বয়স প্রমাণের জন্য এসএসসি বা সমমানের পরীক্ষা পাসের সত্যায়িত সনদপত্র;

(খ) স্নাতক বা সমমানের পরীক্ষা পাসের সত্যায়িত সনদপত্র;

(গ) ব্যাংক স্বচ্ছলতার সনদপত্র;

(ঘ) প্রয়োজনীয় জনবল ও অফিস সরঞ্জাম এবং অফিস পরিসরের বিবরণ;

(ঙ) ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি;

(চ) আয়কর প্রদানের সত্যায়িত সনদ;

(ছ) লাইসেন্স ফি জমাদানের রশিদ;

(জ) পাসপোর্ট সাইজের সত্যায়িত ৩ (তিন) কপি ছবি।

ফরম-২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর**

**ঢাকা।**

**পাসপোর্ট এজেন্ট লাইসেন্স**

সাম্প্রতিক ছবি
৩৫×৪৫

লাইসেন্স নং.......................................... তারিখ ঃ..................

এই লাইসেন্স পাসপোর্ট এজেন্ট বিধিমালা, ২০০৭ এর আওতায় সকল ধরনের পাসপোর্ট আবেদনকারীর পক্ষে তাহাদের আবেদনপত্র প্রক্রিয়াকরণের জন্য নিম্নবর্ণিত ব্যক্তি ও প্রতিষ্ঠানকে প্রদান করা হইল ঃ—

(ক) স্বত্বাধিকারীর নাম ঃ ..........................................................

(খ) পিতা/স্বামীর নাম ঃ ..........................................................

(গ) মাতার নাম ঃ ..........................................................

(ঘ) ব্যবসায়িক প্রতিষ্ঠানের নাম ঃ ..........................................................

(ঙ) রেজিস্ট্রেশন/ট্রেড লাইসেন্স নং ঃ ..........................................................

(চ) কার্যালয়ের ঠিকানা ঃ ..........................................................

(ছ) টেলিফোন/ফ্যাক্স/ই-মেইল নম্বর ঃ ..........................................................

(জ) লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণের তারিখ ঃ ..........................................................

(লাইসেন্সধারীর স্বাক্ষর) (লাইসেন্স কর্তৃপক্ষের স্বাক্ষর)

| নবায়নের মেয়াদ | নবায়নের মেয়াদ | নবায়নের মেয়াদ | নবায়নের মেয়াদ |
|---|---|---|---|
| .........হইতে............<br>তারিখ...........পর্যন্ত।<br><br>কর্তৃপক্ষের স্বাক্ষর | .........হইতে............<br>তারিখ...........পর্যন্ত।<br><br>কর্তৃপক্ষের স্বাক্ষর | .........হইতে............<br>তারিখ...........পর্যন্ত।<br><br>কর্তৃপক্ষের স্বাক্ষর | .........হইতে............<br>তারিখ...........পর্যন্ত।<br><br>কর্তৃপক্ষের স্বাক্ষর |

## ঃ শর্তাবলী ঃ

১। এই লাইসেন্স হস্তান্তরযোগ্য নহে। লাইসেন্সধারী ব্যতীত অন্য কোন ব্যক্তি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে এই লাইসেন্স ব্যবহার করিতে পারিবে না।

২। লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্সধারীর কর্তৃক পাসপোর্ট এজেন্ট (লাইসেন্সিং) বিধিমালা, ২০০৭ এর যে কোন বিধি বা উপ-বিধি ভংগের কারণে এই লাইসেন্স বাতিল বা ইহার কার্যক্রম স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৩। এই লাইসেন্সের কার্য-পরিধির সীমানা সংশ্লিষ্ট আঞ্চলিক পাসপোর্ট অফিসের এখতিয়ারাধীন এলাকার অনুরূপ হইবে।

৪। পাসপোর্ট এজেন্ট (লাইসেন্সিং) বিধিমালা, ২০০৭ এর আওতায় নবায়ন বা বাতিল করা না হইলে এই লাইসেন্সের মেয়াদ এক পঞ্জিকা বৎসর হইবে।

পরিশিষ্ট-'খ'

পাসপোর্ট এজেন্টের কার্যালয়

..................................

..................................

পাসপোর্ট আবেদনকারীর তথ্য/বিবরণ সংরক্ষণ রেজিস্টার (ছক)

| ক্রমিক নং | জমার তারিখ | আবেদনকারীর নাম ও পিতার নাম | বর্তমান ঠিকানা (ফোন নাম্বারসহ) | আদায়কৃত ফি'র পরিমাণ | জমার রশিদ নং | পাসপোর্ট প্রদানের সম্ভাব্য তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |

পরিশিষ্ট-'ক'

## আবেদনপত্র জমার রশিদ (ছক)

| এজেন্টের কপি | অধিদপ্তরের কপি | আবেদনকারীর কপি |
|---|---|---|
| কোড নং---------------------- | কোড নং---------------------- | কোড নং---------------------- |
| ক্রমিক----------------------- | ক্রমিক----------------------- | ক্রমিক----------------------- |
| নাম-------------------------- | নাম-------------------------- | নাম-------------------------- |
| এর নিকট থেকে | এর নিকট থেকে | এর নিকট থেকে |
| পাসপোর্ট ফি বাবদ---------টাকা | পাসপোর্ট ফি বাবদ---------টাকা | পাসপোর্ট ফি বাবদ---------টাকা |
| (কথায়)------------এবং সার্ভিস | (কথায়)-------------এবং সার্ভিস | (কথায়)------------এবং সার্ভিস |
| চার্জ বাবদ----------------- | চার্জ বাবদ----------------- | চার্জ বাবদ------------------ |
| (কথায়)------------------- | (কথায়)------------------- | (কথায়)-------------------- |
| সাকুল্যে------------------টাকা | সাকুল্যে-------------------টাকা | সাকুল্যে------------------টাকা |
| (কথায়)----------------বুঝিয়া | (কথায়)-----------------বুঝিয়া | (কথায়)----------------বুঝিয়া |
| পাইলাম। | পাইলাম। | পাইলাম। |
| পাসপোর্ট প্রদানের সম্ভাব্য দেয় | পাসপোর্ট প্রদানের সম্ভাব্য দেয় | পাসপোর্ট প্রদানের সম্ভাব্য দেয় |
| তারিখ-------------------- | তারিখ-------------------- | তারিখ-------------------- |
| এজেন্ট/প্রতিনিধির স্বাক্ষর | এজেন্ট/প্রতিনিধির স্বাক্ষর | এজেন্ট/প্রতিনিধির স্বাক্ষর |

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।